যুগান্তর

২৭/১১/২০০১

তারিখ ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের কমিটি বাতিলের দাবি

যুগান্তর রিপোর্ট

শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের অবৈধ কমিটি বাতিল, ছয় দফা দাবি বাস্তবায়ন এবং নির্যাতনমূলক নয় দফার কালো চুক্তি বাতিলের দাবি জানিয়েছেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ। গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম। উপস্থিত ছিলেন সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, আহ্বায়ক মাওলানা এমএ লতিফ, অধ্যক্ষ মোহাম্মদ মাজহারুল হান্নান, মোঃ শফিকুল আলম, মাওলানা মোঃ ইউনুস, অধ্যক্ষ ইসহাক হোসেন, লিয়াকত আলী, অধ্যক্ষ চৌধুরী শাহীন হোসেন প্রমুখ।

প্রফেসর এম শরিফুল ইসলাম জানান, বিগত সরকার বিদায়ের পূর্বমুহূর্তে শিক্ষকদের সঙ্গে বিশ্বাসঘাতকতাকারী, সুবিধাবাদী, অবাঞ্ছিত ঘোষিত শিক্ষক নেতা নামধারী ও তৎকালীন শিক্ষামন্ত্রীর তোষামোদকারী ব্যক্তিকে সচিব করে শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের কমিটি গঠন করে। গত নির্বাচনে ওই সচিব তৎকালীন শিক্ষামন্ত্রীর নির্বাচনী কাজে কল্যাণ ট্রাস্টের অর্থ ব্যয় করেন।